# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 06-05-2025 Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ হিংসাদীর্ণ মুর্শিদাবাদের সামশেরগঞ্জে গিয়ে ক্ষতিগ্রস্তদের সঙ্গে কথা বলবেন।

২) জাফরাবাদে ওয়াকফ বিরোধী আন্দোলনের সময় জোড়া খুনের ঘটনায় সিবিআই তদন্ত চেয়ে হাইকোর্টের দ্বারস্থ হয়েছে নিহতদের পরিবার।

৩) যুদ্ধকালীন সময়ে দেশবাসীকে প্রস্তুত রাখতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক, সব রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলকে আগামীকাল মক ড্রিল আয়োজনের নির্দেশ দিয়েছে।

৪) এন্টালিতে প্রকাশ্য দিবালোকে বৈদেশিক মুদ্রা বিনিময় সংস্থার দুই কর্মীর কাছ থেকে দু কোটি টাকা ছিনতাইয়ের অভিযোগে চাঞ্চল্য ছড়িয়েছে।

৫) বড়বাজারে হোটেলে অগ্নিকান্ডে গাফিলতির অভিযোগে আরও একজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এই নিয়ে এই ঘটনায় চারজনকে গ্রেপ্তার করা হল।

৬) মোহনবাগানে ভারতীয় কোনো ফুটবলার সই করানোর ক্ষেত্রে আপাতত নিষেধাজ্ঞা জারি করেছে ফিফা।

---

মুর্শিদাবাদ সফররত মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, আজ হিংসাদীর্ণ সামশেরগঞ্জে গিয়ে ক্ষতিগ্রস্তদের সঙ্গে কথা বলবেন। পরে সুতির ছাবঘাঁটি কেডি বিদ্যালয়ের মাঠে পরিষেবা

প্রদান অনুষ্ঠানে তিনি, কাশিমনগরে নিহত ইজাজ আহমেদের পরিবারের হাতে ক্ষতিপূরনের চেক তুলে দেবেন বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন। আগামীকাল তাঁর কলকাতায় ফেরার কথা।

এদিকে, গতকাল মুর্শিদাবাদ জেলা প্রশাসনের কনফারেন্স রুমে রুদ্ধদ্বার বৈঠকে জেলায় সম্প্রীতি বজায় রাখার নির্দেশ দেন মুখ্যমন্ত্রী।

একটি প্রতিবেদন-ভিসি

এর আগে সাংবাদিকদের মুখোমুখি হয়ে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন, জাফরাবাদে নিহত বাবা ও ছেলে হরগোবিন্দ দাস এবং চন্দন দাসের পরিবারকে লুকিয়ে রাখা হয়েছে।

(বাইট-মুখ্যমন্ত্রী)

বিজেপি, মুর্শিদাবাদ, ও মালদার ঘটনার জন্য পুরোপুরি মুখ্যমন্ত্রীকেই দায়ী করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, পুলিশের নিষ্ক্রিয়তা এবং মমতা ব্যানার্জির প্ররোচনাতেই মোথাবাড়ি, সামশেগঞ্জ, ধুলিয়ানে অশান্তি হয়েছে।

(বাইট-শুভেন্দু)

মুর্শিদাবাদে হিংসার ঘটনায় বিচার বিভাগীয় তদন্তের দাবি জানিয়েছে সিপিআইএম। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেন, নিহতদের পরিবারকে নিয়ে বিজেপি ও তৃণমূল কংগ্রেস দুই দলই রাজনীতি করছে।

(বাইট-সেলিম)

------------------------

মুর্শিদাবাদের ধুলিয়ানের জাফরাবাদে ওয়াকফ বিরোধী আন্দোলনের সময় হরগোবিন্দ দাস ও চন্দন দাসের খুনের ঘটনার সিবিআই তদন্ত চেয়ে হাইকোর্টের দ্বারস্থ

হয়েছে তাঁদের পরিবার। কেন্দ্রীয় তদন্ত সংস্থা বা অন্য কোনো নিরপেক্ষ এজেন্সিকে দিয়ে তদন্তের পাশাপাশি নিহতদের পরিবারকে কেন্দ্রীয় বাহিনীর নিরাপত্তা দেওয়ার আবেদনও জানানো হয়েছে। একইসঙ্গে যে সমস্ত পুলিশ আধিকারিকরা হিংসা রুখতে ব্যর্থ হয়েছেন, তাদের বেতনের টাকা থেকে নিহতদের পরিবারকে ক্ষতিপূরণ দেওয়ার দাবিও জানিয়েছেন মামলাকারীরা। আজ এই মামলার শুনানি হতে পারে।

এদিকে, বিধাননগর পূর্ব থানার পুলিশের ৪০ জনের একটি দল গত রবিবার রাতে নিহতদের পরিবারের সদস্যদের তাদের সল্টলেকের আস্তানা থেকে জোর করে নিয়ে যাওয়ার চেষ্টা করে বলে অভিযোগ উঠেছে। আদালতে সংশ্লিষ্ট থানার পুলিশ আধিকারিকদের বিরুদ্ধে শৃঙ্খলাভঙ্গের পদক্ষেপ নেওয়ার দাবিও জানানো হয়েছে।

------------------------

রাজ্যে হিন্দুদের আক্রান্ত হওয়ার ঘটনায় রাজ্য মানবাধিকার কমিশনের বিরুদ্ধে নিষ্ক্রিয়তার অভিযোগ তুলে সল্টলেকে কমিশনের অফিসের সামনে বিক্ষোভ করতে চেয়ে বিজেপি কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে। আজ বেলা ১১ টা থেকে বিকেল ৫টা পর্যন্ত এক হাজার জন কর্মী সমর্থক নিয়ে অবস্থানের অনুমতি চাওয়া হলে পুলিশ তা দেয়নি বলে অভিযোগ। অবস্থানে উপস্থিত থাকতে পারেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বিচারপতি তীর্থঙ্কর ঘোষের বেঞ্চে আজ এই মামলার শুনানি হতে পারে।

------------------------

পহেলগাঁওয়ে জঙ্গী হামলার পর ভারত ও পাকিস্তানের মধ্যে উত্তেজনার আবহে কেন্দ্রীয় স্বরষ্ট্রমন্ত্রক, সব রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলকে যুদ্ধকালীন পরিস্থিতির জন্য প্রস্তুত থাকতে আগামীকাল মক ড্রিল আয়োজনের নির্দেশ দিয়েছে। সাধারণ মানুষ এবং গুরুত্বপূর্ণ জাতীয় সম্পদকে সুরক্ষিত রাখতেই এই সিদ্ধান্ত। ইতোমধ্যেই সব রাজ্যের মুখ্যসচিব এবং কেন্দ্রশাসিত অঞ্চলের প্রশাসকদের এই বার্তা পাঠানো হয়েছে। কেন্দ্রীয়

স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন আজ এই মকড্রিল নিয়ে রাজ্যগুলির মুখ্যসচিবদের সঙ্গে বৈঠক করবেন।

স্বরাষ্ট্রমন্ত্রকের তরফে গতকাল এক নির্দেশিকায় জানানো হয়েছে, অসামরিক প্রতিরক্ষা কর্মী, পড়ুয়া, সাধারণ মানুষকে নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ দিতে হবে। মূলত আকস্মিক হামলা থেকে আত্মরক্ষার কৌশল, ব্ল্যাক আউটের সময় কি করণীয় সেব্যাপারে শেখাতে বলা হয়েছে। বিমান হানার সংকেত দেওয়ার সাইরেন ঠিকমত কাজ করছে কিনা, গুরুত্বপুর্ন ভবন, সৌধ, কারখানা ইত্যাদি রক্ষা করতে ক্যামোফ্লেজ করার ব্যবস্থা আছে কিনা, তাও দেখতে বলা হয়েছে।

দেশের ২৪৪ টি জেলায় এই মক ড্রিল চলবে।

------------------------

পাকিস্তানি নাগরিকদের চিহ্নিত করে সেদেশে ফেরত পাঠানোর দাবিতে বিজেপি গতকাল রাজ্যের প্রতিটি জেলার জেলা শাসকের কার্যালয়ের সামনে বিক্ষোভ সমাবেশ ও ধর্ণা অবস্থান করে। দক্ষিণ ২৪ পরগণার আলিপুর, হুগলীর চুঁচুড়া, নদিয়ার কৃষ্ণনগর সহ বিভিন্ন জায়গায় জেলাশাসকের দপ্তরের সামনে জমায়েত করেন দলের নেতা কর্মীরা।

পূর্ব বর্ধমানে জেলাশাসকের কাছে স্মারকলিপি জমা দেওয়াকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায়। বর্ধমান রেলস্টেশন চত্বর থেকে মিছিল করে বিজেপি কর্মীরা কার্জন গেটে পৌঁছলে পুলিশ ব্যারিকেড করে তাঁদের আটকে দেয়। বিজেপি কর্মী-সমর্থকদের সঙ্গে পুলিশের ধস্তাধস্তি শুরু হলে রণক্ষেত্রের চেহারা নেয় এলাকা। সেখানে উপস্থিত ছিলেন দলের নেত্রী লকেট চট্টোপাধ্যায় এবং জেলা সভাপতি অভিজিৎ তা। পরে জেলা শাসকের কাছে স্মারকলিপি দেন তাঁরা।

------------------------

এবারের স্পটলাইট-এর বিষয় 'WAVES'। অংশ নিয়েছেন অ্যানিমেট জোনের কো ফাউন্ডার শুভ্র চক্রবর্তী। কথা বলেছেন কল্যাণ লাহা।

তিনটি পর্বে বিভক্ত এই আলোচনার প্রথম পর্ব শুনবেন আজ রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদ এর সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে। দ্বিতীয় এবং তৃতীয় পর্ব শুনবেন চলতি সপ্তাহের বৃহস্পতিবার ও রবিবার।

-------------------------

কলকাতার এন্টালি থানা এলাকায় বৈদেশিক মুদ্রা বিনিময় সংস্থার দুই কর্মীর কাছ থেকে দু কোটি টাকা ছিনতাইয়ের অভিযোগ উঠেছে দুষ্কতিদের বিরুদ্ধে। এসএন ব্যানার্জী রোডে বৈদিশিক মুদ্রার সংস্থার অফিস থেকে টাকা নিয়ে দুই কর্মী ট্যাক্সি করে পার্ক সার্কাসে একটি ব্যাঙ্কে যাচ্ছিলেন। ফিলিপস মোড়ের কাছে দুই দুষকৃতি তাদের পথ আটকে ফাঁকা জায়গায় ট্যাক্সি নিয়ে গিয়ে অস্ত্র দেখিয়ে দুকোটি টাকা লুঠ করে পালিয়ে যায় বলে অভিযোগ। পুলিশ ওই এলাকার সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখছে। সংস্থার দুইকর্মীকেও জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

-------------------------

বড়বাজারের মেছুয়াপট্টীতে হোটেল ঋতুরাজে অগ্নিকান্ডে ১৪ জনের প্রাণহানীর ঘটনায় গাফিলতির অভিযোগে আরও একজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃত মহম্মদ সাগির আলিকে গতকাল কোলাঘাট থেকে পাকড়াও করা হয়। সাগির আলি ঐ হোটেলে সেফটি সুপারভাইজার হিসাবে কাজ করতেন। এই নিয়ে এই ঘটনায় মোট চারজনকে গ্রেপ্তার করা হল।

আগুন লাগার দুদিন পর পয়লা মে ঐ হোটেলের মালিক আকাশ চাওলা এবং ম্যানেজার গৌরব কাপুর ও দোসরা মে হোটেল সংস্কারের কাজের বরাত নেওয়া সংস্থার প্রধান খুরশীদ আলমকে গ্রেপ্তার করে পুলিশ।

-------------------------

এন আর আই কোটাতে মেডিকেল কলেজে ভর্তির ক্ষেত্রে দুর্নীতির অভিযোগে ইডি কলকাতার পাঁচ জায়গায় তল্লাশী চালাচ্ছে। নিউটাউনে সৌরভ সাহা নামে এক ব্যক্তির বাড়িতে আজ ভোর থেকে তল্লাশী চলছে।

এদিকে, কড়েয়া থানা এলাকার তারক দত্ত রোডে মুনমুন বন্দোপাধ্যায় ও দেবাশীষ বন্দোপাধ্যায়-এর বাড়ি এবং বালিগঞ্জে ইডি আধিকারিকদের অভিযান চলছে। সঙ্গে রয়েছে কেন্দ্রীয় বাহিনী।

-------------------------

যোগ্য চাকরিহারাদের পুনর্বহালের দাবিতে আগামীকাল থেকে বিকাশ ভবনের সামনে লাগাতার অবস্থানের ডাক দিয়েছে চাকরিহারা শিক্ষক ও শিক্ষাকর্মীদের একটি সংগঠন। যোগ্যদের চাকরি বাঁচাতে সরকার কী পদক্ষেপ করছে, তা জানতে চেয়ে গতকাল স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদারের সঙ্গে বৈঠক করেন তালিকায় নাম থাকা চাকরিহারা শিক্ষকদের এক প্রতিনিধি দল। বৈঠকের পর চাকরিহারাদের তরফে সুমন বিশ্বাস বলেন, চাকরি বাঁচাতে মামলার খসড়ায় কী লেখা আছে, তা জানতে চাওয়া হলেও এসএসসি তা দেখায়নি। তবে এসএসসির তরফে যোগ্যদের চাকরি বাঁচানোর আশ্বাস দেওয়া হয়েছে বলে তিনি জানান।

-------------------------

পদ্ধতিগত সমস্যার কারণে মোহনবাগানে ভারতীয় খেলোয়াড় সই করানোর ক্ষেত্রে আপাতত নিষেধাজ্ঞা জারি করেছে বিশ্ব ফুটবলের নিয়ামক সংস্থা-ফিফা। ফিফার

শৃঙ্খলারক্ষা কমিটি এই মর্মে সর্বভারতীয় ফুটবল সংস্থা- এআইএফএফ-কে নির্দেশিকা পাঠিয়েছে।

উল্লেখ্য, অস্ট্রেলিয়ার ফুটবলার জেসন কামিংসকে সেন্ট্রাল কোস্ট মেরিনার্স ক্লাব থেকে ট্রান্সফার ফি-তে সই করিয়েছিলো মোহনবাগান। সেই চুক্তি অনুযায়ী, 'ট্রেনিং কমপেনসেশন ফি' অর্থাৎ যে বিদেশি ফুটবলারকে সই করানো হচ্ছে, তাঁর পুরনো ক্লাবকে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ দিতে হয়। সেই অর্থ জমা না পড়ায় ফিফায় অভিযোগ জানায় ওই ক্লাব। তার ভিত্তিতেই ফিফার এই সিদ্ধান্ত বলে জানা গেছে।

------------------------- -------------------------